২০১৩

বাংলা

দ্বিতীয় পত্র

পূর্ণমান ঃ ১০০

সময় ঃ ৪ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

প্রথমার্ধ

(*মান* — ৫০)

৬ নং প্রশ্ন এবং আরও যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ

১। ইন্দো-ইউরোপীয় ভাষা-বংশের ভাষা-পরিবারগুলিকে ভাষাতাত্ত্বিকরা কী কারণে কেন্তুম ও সতম্ শ্রেণীতে বিভক্ত করেছেন ? কেন্তুম শাখার ভাষা-পরিবারগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৪ + ১২

২। বৈদিক-সংস্কৃত ভাষার সাধারণ বৈশিষ্ট্যগুলি লেখো। ১৬

( Turn Over )

৩। সাহিত্যিক প্রাকৃত কোনগুলি ? মহারাষ্ট্রী প্রাকৃতের সাধারণ বৈশিষ্ট্যগুলি লেখো । এটিকে কেন প্রকৃষ্ট প্রাকৃত বলে গণ্য করা হয় ? ১ + ১৪ + ১

৪। বাংলা ভাষার উদ্ভব ও বিকাশের ধারাটি স্তর পরম্পরায় আলোচনা করো । ১৬

৫। টীকা লেখো (যে কোনো *দুটি*) ঃ ১৬

(*ক*) সংস্কৃত ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য

(*খ*) ভাষা-বংশ

(*গ*) আধুনিক বাংলা ভাষার শব্দভান্ডার

(*ঘ*) পৈশাচী প্রাকৃত

(*ঙ*) অপভ্রংশ ।

৬। নিম্নলিখিত যে কোনো *দুটি* অংশের বঙ্গানুবাদ করো এবং স্থূলাক্ষর পদগুলির ব্যাকরণগত টীকা লেখো ঃ ৯ + ৯

(*ক*) পুডইনি — বত্তন্তরিঅং বাহরিও নানুবাহরেই পিঅং মুহ — উব্বূঢ়ন্মণালো তই দিটঠিং চক্কাও ।

(*খ*) হন্ডে কুন্তীল আ, কধেহি কহিং তত্র ত্রশে মহালদনভাশুলে উক্কিন্নণামক্খলে লা অকীও অঙ্গুলী অএ শমাশাদিদে ।





(*গ*) অথ একদিঅসম ম এ লোহিদঃমশ্চকে খন্ডশো কপ্পিদে । যাব তশশ্ উদলভ্ভন্তলে এদম মহালদণভাশুলম্ অংগুলীঅঅম্ পেশকামি ।

## দ্বিতীয়ার্ধ

(*মান* — ৫০)

১২ নং প্রশ্ন এবং আরও যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ

৭। মূলরূপ (Morpheme) কাকে বলে ? একটি ভাষার মূলরূপ কীভাবে নির্ণয় করা যায় ? বিভক্তি অনুসারে বাংলা কারকের পরিচয় দাও । ২ + ৬ + ৮

৮। এককালীন (Synchronic) ভাষাচর্চার ক্ষেত্রে ফার্দিনান্দ দ্য সোস্যুরের ভূমিকা আলোচনা করো । ১৬

৯। বিভিন্নকালে বাংলাভাষার পদবিধি সম্পর্কে আলোচনা করো । ১৬

১০। বাংলা ভাষার মানোন্নয়নে যে সমস্ত প্রচেষ্টা হয়েছে ও প্রস্তাব এসেছে সে সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো । ১৬

১১। টীকা লেখো (যে কোনো *চারটি*) ঃ 8 × 8

(*ক*) মূলধ্বনি (Phoneme) ও উপধ্বনি (Allophone)

(খ) শূন্যরূপমূল(Zero morpheme)ও অনোন্য রূপমূল (Unique morpheme)

(গ) ঝাড়খন্ডী উপভাষা

(ঘ) সমাজ উপভাষা

(ঙ) সমীভবন

(চ) তুলনামূলক ভাষাবিজ্ঞান চর্চা ।

১২। (*i*) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার সঙ্গে রোমান বর্ণমালার কোন্ কোন্ বর্ণের ক্ষেত্রে পার্থক্য আছে ?

(*ii*) নিম্নলিখিত শব্দগুলির আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো ঃ

বহ্বারম্ভ, উৎসাহ্, ব্যক্ত, ব্যবহারিক, গোঙায়ব, প্রতিবিম্ব, পদ্মিনী, নঞর্থক । ৯ + ৯

---